

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩ ১৫

খোয়াই, ২৮ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

খোয়াই জেলা নির্বাচন আধিকারিকের সভাপতিত্বে সভা

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ের কনফারেন্স হলে জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক চান্দনি চন্দ্রনের সভাপতিত্বে সিভিল সেক্টর অফিসার, পুলিশ সেক্টর অফিসার, পোস্টাল ব্যালট অফিসার ইনচার্জদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক নির্বাচন কমিশনের বিধি অনুযায়ী পোস্টাল ব্যালট ভোটগ্রহণ পদ্ধতি, ৮৫ বছর ও তার উপর্যুক্ত এবং চলাচলে অক্ষম ভোটার ও দিব্যাঙ্গজন ভোটারদের ভোটগ্রহণ কিভাবে করতে হবে এনিয়ে আলোচনা করেন। তিনি জেলার অন্তর্গত বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পোলিং স্টেশনের যাবতীয় সুবিধা সঠিকভাবে রয়েছে কিনা তা দেখতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। বৈঠকে উপস্থিতি ছিলেন অতিরিক্ত জেলাশাসক কেশব কর, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন, তেলিয়ামুড়ার মহকুমা শাসক শীর্ষেন্দু দেববর্মা, জেলাশাসক কার্যালয়ের ইলেকশন ব্রাঞ্চ অফিসার রূপাঞ্জন দাস, সিভিল সেক্টর অফিসার, পুলিশ সেক্টর অফিসার, পোস্টাল ব্যালট অফিসার ইনচার্জ সহ অন্যান্য অফিসারগণ।
